

সূত্র নং-১৪.৩৬.০০০০.০০৭.১০৫.১৫.৬৩৮

তারিখঃ ২৫/১০/২০১৫খ্রিঃ

শুদ্ধাচার কর্মপরিকল্পনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিগত আক্টোবর, ২০১২ সালে সুশাসন গড়ার লক্ষ্যে সামগ্রিক উদ্যোগ সহায়ক হিসেবে “সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল” প্রণয়ন করা হয়েছে। মহান স্বাধীনতার পর থেকেই, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রতিষ্ঠান হিসেবে কাজ করে আসছে। জাতীয় শুদ্ধাচার কৌশল এর ৩.২ নং ধারায় বেসরকারী খাতের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান সমূহের জন্য উল্লেখিত চ্যালেঞ্জ সমূহ মোকাবেলায় ক্ষেত্রে টেশিস এর কার্যক্রম নিম্নরূপঃ

ক্রমিক নং	চ্যালেঞ্জ সমূহ	কর্মসম্পাদন সূচক	সময়	দায়িত্ব
০১	সময়ের মধ্যে বার্ষিক সাধারণ সভা সম্পাদন।	২০১৩-১৪ সনের বার্ষিক সাধারণ সভা সম্পাদন।	নভেম্বর, ২০১৫খ্রিঃ	টেশিস পরিচালনা পরিষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ।
০২	কর্মচারীদের ন্যায্য ও কর্মসম্পাদন ভিত্তিক মজুরী ও বেতন ভাতা প্রদান।	টেশিসে প্রতি মাসের শেষ কর্মদিবসে সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে যাবতীয় বেতন ভাতাদি পরিশোধ।	চলমান	টেশিস অর্থ ও বাণিজ্য বিভাগ।
০৩	যথাসময়ে বিক্রয়োত্তর সেবা প্রদান।	অধিকতর বিক্রয়োত্তর সেবা প্রদানের উদ্দেশ্যে গ্রাহকের সাথে সর্বদা যোগাযোগ স্থাপনের মাধ্যমে জনগণের দোড়াগোড়ায় সেবা পৌছে দেওয়া।	৭২ ঘন্টার মধ্যে সেবা প্রদানের ব্যবস্থা করা হয়।	টেশিস সেলস লিয়াজোঁ এবং প্রশাসন ও সেবা শাখা।
০৪	ব্যবসায়িক প্রতিযোগিতা এবং সরকারি ক্রয়ে অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকরন।	ব্যবসায়িক প্রতিযোগিতা সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে সরকারি সকল ক্রয় প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরন করা হয়।	চলমান	টেশিস প্রশাসন ও সেবা শাখা।
০৫	চেম্বার ও সমিতিসমূহের মধ্যে যোগাযোগ ও সু-সম্পর্ক প্রতিষ্ঠা	বিদ্যমান বিভিন্ন চেম্বার ও সমিতিসমূহের মধ্যে যোগাযোগ ও সু-সম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে তথ্য আদান প্রদান ও সংস্কৃতি বিনিময়ের মাধ্যমে উন্নততর দাপ্তরিক পরিবেশ নিশ্চিত করা হয়।	চলমান	টেশিস প্রশাসন ও সেবা শাখা।
০৬	ব্যাংক ঋণ খেলাপি সংক্রান্ত	সকল প্রকার ব্যাংক ঋণ যথাসময়ে পরিশোধ করার ব্যাপারে সচেতন থাকা।	ব্যাংক ঋণ যথাসময়ে পরিশোধ করা হয়।	টেশিস অর্থ ও বাণিজ্য এবং প্রশাসন ও সেবা শাখা।
০৭	ঋণ পত্র(এলসি) খোলা সংক্রান্ত	সকল প্রকার এলসি যথাসময়ে পরিশোধ করার ব্যাপারে সচেতন থাকা।	চলমান	টেশিস অর্থ ও বাণিজ্য এবং প্রশাসন ও সেবা শাখা।

